



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়  
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
এসএমই বিভাগ  
www.krishibank.org.bd

নং-প্রকা/এসএমইবিভাগ/প্রক্রে-৩(৭৯)/২০২৪-২০২৫/ ১৮৮(২২৫০)

তারিখঃ ১২.০৯.২০২৪ খ্রিঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।  
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।  
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।  
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ গ্রিন ফাইন্যান্সিং খাতে পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগে চলতি অর্থবছরে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন এবং বিতরণকৃত ঋণসমূহ সঠিকভাবে রিপোর্টিং প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক এর নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে চলতি অর্থবছরে গ্রিন ফাইন্যান্সিং খাতে অত্র ব্যাংকের ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১০৪.০০ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। ০৫.০৯.২০২৪ তারিখ পর্যন্ত উক্ত খাতে মাঠ কার্যালয়সমূহের অর্জন মাত্র ৮০.০০ লক্ষ টাকা, যা চরম হতাশাজনক। বিকেবি, সাসটেইনেবল ফাইন্যান্স কমিটি'র ২০তম সভায় বিতরণকৃত ঋণসমূহ সঠিকভাবে রিপোর্ট না করায় এ খাতে লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার অন্যতম কারণ হিসেবে চিহ্নিত করা হয়েছে এবং বিকেবি, নির্বাহী কমিটির ১৩৭তম সভায় পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগে অর্থায়ন ত্বরান্বিতকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ গ্রিন ফাইন্যান্সিং খাতে পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন এবং বিতরণকৃত ঋণসমূহ সঠিকভাবে রিপোর্টিং এর জন্য মাঠ কার্যালয়সমূহকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেছেন :

- মাঠ পর্যায়ে মাসিক আনুপাতিক লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক অধিক সম্ভাবনাময় এলাকা চিহ্নিত করে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নের মাধ্যমে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে;
- বাংলাদেশ ব্যাংক এর পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় গ্রাহক পর্যায়ে হ্রাসকৃত সুদে ৭০টি পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগে ঋণ প্রবাহ বৃদ্ধিকরণে কার্যকরী ব্যবস্থা নিতে হবে;
- পুনঃঅর্থায়ন স্কিম (মেয়াদি ঋণ) ছাড়াও মেয়াদ নির্বিশেষে সকল পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগে বিতরণকৃত ঋণসমূহ সাসটেইনেবল ফাইন্যান্স সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদনের গ্রিন ফাইন্যান্সিং খাতে রিপোর্টিং করবেন;
- অঞ্চল/মুখ্য অঞ্চলসমূহ Dedicated Sustainable Finance Help Desk এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে অঞ্চলাধীন প্রতিটি শাখাকে নিয়মিত মনিটরিংপূর্বক সঠিকভাবে প্রতিবেদন প্রস্তুতে পরামর্শ প্রদান করবেন।

০৩। এমতাবস্থায়, মাঠ কার্যালয়সমূহকে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো। গ্রিন ফাইন্যান্সিং খাতে বিতরণকৃত ঋণসমূহের প্রতিবেদন প্রস্তুতে কোনো অস্পষ্টতার সৃষ্টি হলে অত্র বিভাগের উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব মোঃ মনিরুজ্জামান চৌধুরী (মোবাইল-০১৭১৭৯৪৩৭৩৬) এর সাথে যোগাযোগের জন্য পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(আ. ন. ম. বজলুল করিম)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ০২৪৭-১২০১৬৬

ই-মেইল: dgmsme@krishibank.org.bd

সংযুক্তিঃ বর্ণনামতে।

নং-প্রকা/এসএমইবিভাগ/প্রক্রে-৩(৭৯)/২০২৪-২০২৫/ ১৮৮(২২৫০)

তারিখঃ ১২.০৯.২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক, বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস বিভাগকে উপরোক্ত পরিপত্রটি ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। নথি/মহানথি।

১২/০৯/২০২৪  
(আফরোজা ইসলাম শিমুল)  
সহকারী মহাব্যবস্থাপক